বিত্ত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(১) ধারার বিধান মোতাবেক

**" নিলাম বিজ্ঞপ্তি "**

**মোকাম নারায়নগঞ্জ বিত্ত অর্থঋণ জজ আদালত**

অর্থঋণ ডিক্রীজারী মোকদ্দমা নং ১৫৮/২০২২

সোনালী ব্যাংক লিমিটেড, নারায়নগঞ্জ কর্পোরেট শাখা পক্ষে- ডেপুটি জেনারেল ম্যানেজার, সাং ২৬০ নং বঙ্গবন্ধু সড়ক, চাষাড়া, থানা ও জেলা- নারায়নগঞ্জ।

--------- -ডিক্রীদার।

-বনাম-

১. মেসার্স এক্টিভ ফ্যাশন হাউজ লিমিটেড, পক্ষে- ব্যবস্থাপনা পরিচালক, আলহাজ্ব মোঃ মুনসুর আহমেদ, পিতা- মৃত সোনা মিয়া খান, ৭৭/২ নং বি. বি রোড (৩য় ও ৪র্থ), গ্রীন সুপার মার্কেট, নারায়নগঞ্জ,
২. আলহাজ্ব মোঃ মুনসুর আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক- মেসার্স এক্টিভ ফ্যাশন হাউজ লিমিটেড, পিতা-মৃত সোনা মিয়া খান,
৩. মোঃ তোফাজ্জল হোসেন, চেয়ারম্যান- মেসার্স এক্টিভ ফ্যাশন হাউজ লিমিটেড, পিতা- মৃত সোনা মিয়া খান,
৪. আঃ রহিম খান, পিতা- মৃত সোনা মিয়া খান, পরিচালক- মেসার্স এক্টিভ ফ্যাশন হাউজ লিমিটেড,
৫. মোসাম্মৎ উম্মে কুলসুম, পরিচালক- মেসার্স এক্টিভ ফ্যাশন হাউজ লিমিটেড, পতি- আঃ রহিম খান,
৬. মোসাম্মৎ আঞ্জুমানারা বেগম, পরিচালক- মেসার্স এক্টিভ ফ্যাশন হাউজ লিমিটেড, পতি- মোঃ তোফাজ্জল হোসেন,
৭. মোসাম্মৎ ইয়াসমীন আক্তার, পরিচালক- মেসার্স এক্টিভ ফ্যাশন হাউজ লিমিটেড, পতি- আলহাজ মনসুর আহাম্মেদ, সর্ব সাং- ফ্যাক্টরী-৭৭/২ নং বি. বি রোড (৩য় ও ৪র্থ তলা), গ্রীন সুপার মার্কেট, নারায়ণগঞ্জ, স্থায়ী ঠিকানা- গ্রাম- চন্দনতলা, পোঃ রিকাবী বাজার, থানা ও জেলা- মুন্সীগঞ্জ, হাল সাং- ১১৭/২, ডনচেম্বার, নারায়নগঞ্জ।

--------- দাইকগন।

এতদ্বারা সর্ব সাধারন-কে জানানো যাইতেছে যে, নিম্ন তপছিল বর্ণিত সম্পত্তি ডিক্রীদারের ২২/০৮/২০১৪ ইং তারিখ পর্যন্ত প্রাপ্য ১০,৫৬,৭৭,৬৫৪/-টাকা ও বিগত ৩১/১০/২০২৪ ইং তারিখ পর্যন্ত সুদ সহ ১৩,৩৯,০২,৩৪৭.৬১ টাকা। তৎসহ নিলাম বিক্রয়ের দিন পর্যন্ত সুদ ও খরচাদি আদায়ের নিমিত্তে অর্থঋণ আদালত, নারায়নগঞ্জ-এর এজলাসে রক্ষিত নিলামের টেন্ডার বক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ২৫।৫।২৫ ইং তারিখে নিলাম বিক্রয়ের নিমিত্তে সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে।

**ঃ শর্তাবলী ঃ**

১। আগামী ২৫।৫।২৫ ইং তারিখে বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করিতে হবে।

২ নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর যদি থাকে প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র লিখে দাখিল করতে হবে।

৩ নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৪। প্রত্যেক দরদাতা উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব-৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জজ, অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৫। দরদাতা অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরপত্র দাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।

৬। দরপত্র অপরাহ্ন ১২.০০ ঘটিকার মধ্যে আদালতে রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ঐ দিন অপরাহ্ন ১২.০০ ঘটিকার সময় দরপত্র দাতাগণ বা তাদের প্রতিনিধিগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

৭। দরপত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় করাদি দরদাতাকে বহন করতে হবে।

৯। উপরে বর্ণিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দর দাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

১০। কৃতকার্য দর দাতাদের অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নিলামে অংশ গ্রহণ ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের উক্ত শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

**তফসিল**

জেলা সাবেক ঢাকা, হালে জেলা, থানা, পৌরসভা ও সাব রেজিস্ট্রি অফিস-নারায়ণগঞ্জ এলাকাধীন, সে: মে: ১৮৮ নং নারায়ণগঞ্জ মৌজাস্থিত, সে: মে: ৪০৪, আর. এস ৬০৮ নং খতিয়ানভূক্ত।

| দাগ নং | রকম | পরিমান |
|---|---|---|
| সে: মে: ৫৪৪ ও ৫৪৫<br>এস. এ-৪৭২<br>আর. এস-৬৭২ | দোকান | ০১৫২ অযুতাংশ ভূমি ও তদস্থিত ১টি টিনের দোকান গৃহ। যাহার উত্তরে-আ: সাত্তার খান, দক্ষিণে-দলিল গ্রহিতাগণেরমালিকানাধীন দোকান গৃহ, পূর্বে-হাজী বসির উদ্দিন সরদার, পশ্চিমে-দিগুবাবুর বাজারের গুড় পট্টি ও ডিম পট্টি। |

আদেশ ক্রমে-

সেরেস্তাদার
অর্থঋণ আদালত, নারায়নগঞ্জ।